অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতি গবেষণা কেন্দ্রের উন্নয়নের জন্য ৪ মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি প্রদান করলেন

স্টেট তহবিল প্রসিদ্ধ গবেষণা লাইব্রেরি ও কৃষ্ণাঙ্গ সংস্কৃতি কেন্দ্রের মেরামত ও উন্নয়নের জন্য বিনিয়োগ করবে

ঘোষণাটি এলো হার্লেম সপ্তাহ চলাকালে, যা ঐতিহাসিক এলাকা ও সংস্কৃতির একটি সপ্তাহজুড়ে উদযাপন

গভর্নর ক্যাথি হোকল আজকে হার্লেমে সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতি গবেষণা কেন্দ্রের (Schomburg Center for Research in Black Culture) উন্নয়নের জন্য ৪ মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি ঘোষণা করলেন। নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority of the State of New York, DASNY) মাধ্যমে পরিচালিত হওয়া তহবিলটি ভবনটির ফ্যাসাড পুনস্থাপন, জানালা ও ছাদ প্রতিস্থাপন করতে দিবে এবং নিরাপত্তা উন্নয়ন ও শক্তি সাশ্রয়ী উন্নয়ন করতে দিবে। এছাড়াও DASNY প্রকল্পটির জন্য নকশা সেবা এবং নির্মাণ ব্যবস্থাপনার কাজ করবে। ঘোষণাটি এলো হার্লেম সপ্তাহ (Harlem Week) চলাকালে, যা হার্লেমের ব্যাপক বিস্তৃতির সংস্কৃতি ও ইতিহাসের একটি বার্ষিক উদযাপন।

"এই তহবিল দিয়ে আমরা শুধু ভবনটির চেহারা ঠিক করছি না; বরং আমরা আমাদের ইতিহাস ও সংস্কৃতিতে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করছি," **গভর্নর হোকল বলেন।** "প্রায় এক শতাব্দী ধরে, সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতির গবেষণা কেন্দ্রটি একটি লাইব্রেরি, একটি গবেষণা প্রতিষ্ঠান, একটি সম্প্রদায়ের হাব, এবং সবথেকে বড় হলো আমেরিকার কৃষ্ণাঙ্গ মানুষদের উদযাপন করার একটি স্থান হিসেবে কাজ করেছে। এই হার্লেম সপ্তাহে, আমি সবসময়ের মতোই সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতির গবেষণা কেন্দ্রের মতো আমাদের সিটি, আমাদের স্টেট ও আমাদের দেশে কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের সমৃদ্ধ অবদানকে সম্মান জানায় এমন মহান প্রতিষ্ঠানকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

"আফ্রিকান আমেরিকান ইতিহাস সরাসরি গণতন্ত্রের প্রতি আমেরিকার অঙ্গীকারের কেন্দ্রের এবং আমাদের একটা নিখুঁত করার সংগ্রামের কথা বলে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির (New York Public Library) সোমবার্গ কেন্দ্রের চার দেওয়ালের মধ্যে যেই সমৃদ্ধ ইতিহাস রয়েছে তা সংরক্ষণ করা অতি গুরুত্বপূর্ণ, এটি

কৃষ্ণাঙ্গ সংস্কৃতি ও ইতিহাসের জন্য বিশ্বের শীর্ষ প্রতিষ্ঠানগুলির একটি, যাতে করে আমরা জাতি হিসেবে আমাদের সামগ্রিক উদ্দেশ্যে স্থির থাকতে পারি এবং সকলের জন্য স্বাধীনতা ও ন্যায়বিচার অর্জন করতে পারি।"

সোমবার্গ কেন্দ্রটি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির প্রসিদ্ধ গবেষণা লাইব্রেরিগুলির একটি এবং এটি একটি বিশ্বের শীর্ষস্থানীয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান যা আফ্রিকান, আমেরিকান, আফ্রিকান ডায়াস্পোরা, এবং আফ্রিকান অভিজ্ঞতা বিষয়ক উপাদানের গবেষণা, সংরক্ষণ ও প্রদর্শনের প্রতি নিবেদিত।

1925 সালে প্রতিষ্ঠিত হওয়া এবং 2017 সালে একটি জাতীয় ঐতিহাসিক ল্যান্ডমার্ক (National Historic Landmark) হিসেবে আখ্যা পাওয়া সোমবার্গ কেন্দ্রটি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির একটি গবেষণা ডিভিশন এবং এখানে রয়েছে বৈচিত্র্যময় প্রোগ্রামিং ও 11 মিলিয়ন আইটেমের সংগ্রহ যা বৈশ্বিক কৃষ্ণাঙ্গ ইতিহাস, শিল্প ও সংস্কৃতির ঐশ্বর্যের উপর আলোকপাত করে এবং এর মধ্যে বই, ম্যানুস্ক্রিপ্ট, শিট মিউজিক, ছবি, শিল্পকর্ম, ভিডিও এবং অডিও রেকর্ডিং এবং আরো অনেক কিছু অন্তর্গত রয়েছে। পুয়ের্তো রিকোতে জন্মানো কৃষ্ণাঙ্গ পণ্ডিত ও গ্রন্থানুরাগী আর্তুরো আলফনসো সোমবার্গের ভিত্তিগত সংগ্রহ দিয়ে স্থাপিত হওয়া সোমবার্গ কেন্দ্র বৈশ্বিক কৃষ্ণাঙ্গ ইতিহাস নথিভুক্ত করা বহু উপাদান সংগ্রহ, সংরক্ষণ করেছে এবং তা ব্যবহার করার সুযোগ প্রদান করে। 2025 সালে, সোমবার্গ কেন্দ্র এর শতবর্ষ উদযাপন করবে।

DASNY প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রুবেন ম্যাকড্যানিয়েল দ্য থার্ড বলেন, "DASNY সোমবার্গ কেন্দ্রের অতি গুরুত্বপূর্ণ কাজকে এবং নিউ ইয়র্ক ও বিশ্বের কৃষ্ণাঙ্গ জীবনের জন্য একটি প্রধান কেন্দ্র হিসেবে এর অবস্থানকে সমর্থন করতে পেরে গর্বিত। কৃষ্ণাঙ্গ সংস্কৃতি ও অভিজ্ঞতার উপর আলোকপাত করার একটি প্রকল্প হিসেবে সোমবার্গ কেন্দ্রটি একটি নিখুঁত নিউ ইয়র্ক প্রতিষ্ঠান।আমার হার্লেম প্রতিবেশীদের পক্ষে, আমরা নিউ ইয়র্ককে বিশ্বের সাংস্কৃতিক কেন্দ্র তৈরিতে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির প্রতি কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "হার্লেমের মানুষ এবং সোমবার্গের প্রতি গভর্নরের প্রতিশ্রুতি আমার হৃদয়কে স্পর্শ করেছে। আমাদের প্রিয় সোমবার্গ আক্ষরিক অর্থেই বিশ্বের কৃষ্ণাঙ্গ মানুষদের সম্পূর্ণ ইতিহাসের প্রতিমূর্তি এবং ভাণ্ডার। আজকের ঘোষিত অত্যাবশ্যকীয় এই তহবিলটি নিশ্চিত করবে যাতে ভবিষ্যৎ প্রজন্মগুলির কাছেও সোমবার্গ ব্যবহারের সম্পূর্ণ ও অবাধ সুযোগ থাকে, এটি অব্যাহত অনুপ্রেরণা, জ্ঞান ও ইতিহাসের একটি একক উৎস।"

স্টেটের সিনেটর রবার্ট জ্যাকসন বলেন, "সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতির গবেষণা কেন্দ্র নিউ ইয়র্কের সবথেকে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলির একটি, এটি বৈশ্বিক কৃষ্ণাঙ্গ ইতিহাস, শিল্প ও সংস্কৃতির সমৃদ্ধির উপর আলোকপাত করে। আমি হার্লেমে সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতির গবেষণা কেন্দ্র উন্নয়ন করার জন্য গভর্নর হোকলের ৪ মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির প্রশংসা করছি। হার্লমের সাংস্কৃতিক জীবনের একটি কেন্দ্রীয় বিষয়, এই বিনিয়োগটি বিশ্বের শীর্ষস্থানীয় সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলির একটিকে আফ্রিকান আমেরিকান ও আফ্রিকান ডায়াস্পোরা গবেষণার ক্ষেত্রে শীর্ষস্থানীয় জাতীয় গবেষণা লাইব্রেরি হিসেবে কাজ চালিয়ে যেতে দিবে।"

অ্যাসেম্বলি সদস্য ইনেজ ডিকেন্স বলেন, "আমি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির সাথে অনেক দিন অনেক কাজ করেছি এবং আমি সোমবার্গকে এর প্রাপ্য স্বীকৃতি ও তহবিল পেতে দেখে গর্বিত। ধন্যবাদ, গভর্নর হোকল, এই সূক্ষ্ম, দৃঢ়, উঁচু বাগানকে সংরক্ষণ করার প্রয়োজন মেটানোর জন্য, যা বিশ্বের সকল মানুষের জন্য আফ্রিকান ডায়াস্পোরার একটি উপকেন্দ্র হিসেবে কাজ করছে।"

অ্যাসেম্বলি সদস্য কিম্বার্লি জন-পিয়ের বলেন, "আমি সোমবার্গ কেন্দ্রের জন্য ৪ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই, এটি অনেক প্রয়োজনীয় উন্নয়ন ও নিরাপত্তা উন্নয়ন হতে দিবে। সোমবার্গ কেন্দ্রটি কৃষ্ণাঙ্গ ইতিহাস, সংস্কৃতি, এবং প্রোগ্রামিংয়ের একটি অতি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। বিনিয়োগটি সোমবার্গ কেন্দ্রকে আগামী অনেক বছরের জন্য প্রসিদ্ধ হয়ে থাকতে দিবে।"

অ্যাসেম্বলি সদস্য এডি গিবস বলেন, "হার্লেমের নিজস্ব সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতির গবেষণা কেন্দ্রের বাহ্যিক দশা এর ভেতরে সংরক্ষিত সংস্কৃতির মতোই সুন্দর ও স্থিতিস্থাপক হওয়া উচিত। আমি গভর্নর ক্যাথি হোকলের সোমবার্গ কেন্দ্রের সংস্কার কাজে এই উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য তার প্রশংসা করছি। নিউ ইয়র্কের জন্য একটি উত্তম ভবিষ্যৎ নিশ্চিত করা কৃষ্ণাঙ্গ ইতিহাস স্মরণ করা এবং কৃষ্ণাঙ্গ সংস্কৃতিকে উদযাপন করা ছাড়া সম্ভব হবে না।"

অ্যাসেম্বলি সদস্য ম্যানি ডে লস স্যান্টোস বলেন, "সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতি গবেষণা কেন্দ্র আমাদের আপার ম্যানহাটন সম্প্রদায়ের বৈচিত্র্য উদযাপনের জন্য অত্যাবশ্যকীয়। ধন্যবাদ, গভর্নর হোকল, এই আইকনিক নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির অবস্থানটি যাতে আগামী অনেক বছরের জন্য নিউ ইয়র্কবাসীদের সেবা দিতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য এই তহবিল প্রদান করার জন্য।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য চি ওসে বলেন, "সোমবার্গ কেন্দ্রটি একটি রত্ন। এটি আমাদের শহরের সব থেকে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলির একটি এবং এর বাড়িটির এর সাহসী প্রতিফলন হওয়া উচিত। কৃষ্ণাঙ্গ ইতিহাস হলো আমেরিকার ভিত্তি এবং এর নির্মাতাদের ইতিহাস। কেন্দ্রে এর অব্যাহত গবেষণা ও অন্বেষণ কৃষ্ণাঙ্গ সম্প্রদায় এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি চিরস্থায়ী উপহার, এবং আমি এটি দেখে অত্যন্ত খুশি যে এর কাঠামোকে ভেতরে হওয়া কাজের সাথে মানানসই করার জন্য একটি বিনিয়োগ করা হয়েছে। আমি এই প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি ও তাকে ধন্যবাদ জানাচ্ছি; নিউ ওয়ার্ক এবং জাতি আগামী অনেক বছর ধরে এর সুবিধা ভোগ করবে।"

নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির প্রধান পরিচালনা কর্মকর্তা আইরিশ ওয়েইনশাল বলেন, "নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি এবং সোমবার্গ কৃষ্ণাঙ্গ সংস্কৃতির গবেষণা কেন্দ্র এই বছরের বাজেটে সোমবার্গের জন্য ৪ মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল প্রদান করার জন্য গভর্নর হোকলের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। এই ক্যাপিটাল অনুদানটি এই গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানটির ভবিষ্যৎ নিরাপদ করার একটি বিনিয়োগ, যখন এটি আরো একটি শতাব্দী কৃষ্ণাঙ্গ ডায়াস্পোরিক ইতিহাস নিয়ে বিশ্বের জ্ঞান পাওয়ার ব্যবস্থা করতে যাচ্ছে।"

সোমবার্গ কেন্দ্রের পরিচালক জয় বিভিন্স বলেন, "সোমবার্গ কেন্দ্রের জন্য গভর্নর হোকলের অর্থ আমাদেরকে সমর্থন করবে যখন আমরা আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা করছি এবং কৃষ্ণাঙ্গ ডায়াস্পোরিক ইতিহাস সংরক্ষণ ও অন্বেষণের প্রতি নিবেদিত একটি বিশ্বমানের প্রতিষ্ঠান হিসেবে অব্যাহত আছি। অবদানটি অত্যাবশ্যকীয়ভাবে গুরুত্বপূর্ণ যেহেতু আমরা অবিরাম আমাদের প্যাট্রন এবং কর্মীদেরকে গবেষণা, শিক্ষা, কাজ ও আবিষ্কারের সেরা পরিবেশ দেওয়ার চেষ্টা করে যাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন